

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৩৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩. তৃতীয় অনুচ্ছেদ - ক্নিয়ামুল লায়ল-এর প্রতি উৎসাহ দান

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ وَأَبِي هُرَيْرَةَ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا أَيْقَظَ الرَّجُلُ أَهْلَهُ مِنَ اللَّيْلِ فَصَلَّيَا أَوْ صَلَّى رَكْعَتَيْنِ جَمِيعًا كُتِبَا فِي الذَّاكِرِينَ وَالذَّاكِرَاتِ». رَوَاهُ أَبُو دَاوُد وَابْن مَاجَه

বাংলা

১২৩৮-[২০] আবূ সা'ঈদ আল্ খুদরী ও আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তারা বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যখন কোন লোক তার স্ত্রীকে ঘুম থেকে উঠায় ও উভয়ে এক সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে অথবা তিনি এ কথা বলেছেন, তাদের প্রত্যেকে দু' রাক্'আত করে সালাত এক সাথে পড়ে, তাহলে এ দুই (স্বামী-স্ত্রী) লোকের নাম আল্লাহকে স্মরণকারী নর ও নারীদের দলের মাঝে লিপিবদ্ধ করা হয়। (আবূ দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ১৩০৯, ইবনু মাজাহ্ ১৩৩৫, সহীহ আত্ তারগীব ৬২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এই অর্থের ও বিষয়ের হাদীস দ্বিতীয় অধ্যায়ে ব্যাখ্যাসহ অতিবাহিত হয়েছে নারী পুরুষ যে কেউই একে অপরকে অথবা পরিবারের অন্য কাউকে জাগাবে এবং সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে তাদের উভয়কে আল্লাহর যিকরকারীদের মধ্যে অন্তর্ভুক্ত করে নেন এবং তাদের মহা পুরস্কারে পুরস্কৃত করেন। আল্লাহর বাণীঃ ''অধিক হারে আল্লাহর যিকরকারী পুরুষ এবং নারীর জন্য আল্লাহ ক্ষমা ও মহা পুরস্কার তৈরি করে রেখেছেন"- (সূরাহ্ আল আহ্যাব ৩৩ : ৩৫)। অত্র হাদীসটি যেন কুরআনুল কারীমের এ আয়াতেরই তাফসীর।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন